

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.doict.gov.bd  
(প্রশাসন শাখা)

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৩.১৪.০২১.১৬-৬৭৮

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ  
২০ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ


বিষয়: প্রকল্পের আওতায় ২০০১ টি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” এর টেকসই ব্যবহার ও নিরাপত্তা নিশ্চিতের জন্য কর্মকর্তাদের তদারকির নির্দেশনা প্রদান।

সূত্র: প্রকল্প দপ্তরের স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫-১৯৩৯; তারিখ: ১৩/০৭/২০১৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের ভিশন-২০২১ ও ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় ২০০১টি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। প্রতিটি ল্যাবে ১৭টি ল্যাপটপ, ১টি প্রিন্টার (অতিরিক্ত ১টি টোনারসহ), ১টি প্রজেক্টর (স্ক্রীন ও রিমোট কন্ট্রোলসহ), ১টি স্ক্যানার, ১টি শ্রিজি ওয়াই-ফাই রাউটার এবং প্রতি জেলার একটি ল্যাব ভাষা প্রশিক্ষণ ল্যাব হিসাবে ব্যবহারের জন্য অতিরিক্ত ১৭টি হেডফোন এবং সকল ল্যাবে প্রয়োজনীয় ল্যাব ফার্নিচার (১টি ইন্ট্রাক্টর টেবিল ও চেয়ার, ৮টি স্টুডেন্ট টেবিল (ডাবল) ও ১৬টি স্টুডেন্ট চেয়ার) সরবরাহ ও স্থাপন করা হয়েছে। প্রতিটি ল্যাবে সিম ও রাউটার এর মাধ্যমে ২এমবিপিএস স্পীডে ২০জিবি ডাটা প্লান ৬ মাসের জন্য সংযোগ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, স্থাপনকৃত ল্যাবসমূহের টেকসই ব্যবহার ও নিরাপত্তা নিশ্চিতের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।





(বনমালী ভৌমিক)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোনঃ ০২-৮১৮১১০০ (অফিস)

বিতরণ:

- ১। জেলা প্রশাসক (সকল)।
- ২। পুলিশ সুপার (সকল)।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৪। জেলা শিক্ষা অফিসার (সকল)।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল থানা)
- ৭। প্রোগ্রামার (সকল) / সহকারী প্রোগ্রামার (সকল)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), “সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন” প্রকল্প।
- ২। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান (সকল)।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি/মাস্টার ফাইল।